পাঠ ৪

# ডালিমকুমার ও কঙ্কাবতী



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারব ও আনন্দ লাভ করতে পারা।
- চিত্র/ছবি সংবলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।

## পাঠের শিখনফল

৪.১.৩ রূপকথা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারব।
৪.১.৩ গল্প শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারব।
৮.১.৩ শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে বাচনভঙ্গি ঠিক রেখে গল্প ও রূপকথা বলতে পারব।
৮.১.৩ পাঠের গল্প বলতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| কঙ্কাবতী | রাজপুত্র | পঙ্খিরাজ | ঘোড়া | চড়া | বিদেশ | ঘোরা | ব্যাঙ্গামি | ক্লান্ত | ব্যাঙ্গামা |
| রাজকন্যা | রাক্ষস | রাক্ষসপুরী | সর্বনাশ | পৌঁছালো | পালঙ্ক | রুপা | কাঠি | তরবারি | প্রাণ |
| কৌটা | ঘ্যাচাং | ভ্রমর | | | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. শিক্ষক নিম্নে প্রদত্ত অনুচ্ছেদ শিক্ষার্থীদের শুনিয়ে প্রশ্ন করবেন। শিক্ষার্থীরা তার উত্তর দিবে।**

এক রাজপুত্র। নাম ডালিমকুমার। তার আছে এক পঙ্খিরাজ ঘোড়া। ঘোড়ায় চড়ে সে দেশ-বিদেশ ঘোরে। একবার ঘুরতে ঘুরতে চলে এলো অচিনপুরে। ক্লান্ত রাজপুত্র গাছের ছায়ায় ঘুমিয়ে পড়ল। ওই গাছে থাকত ব্যাঙ্গমা আর ব্যাঙ্গামি। তারা কথা বলছিল।

ক. কার পঙ্খিরাজ ঘোড়া আছে?
খ. অনুচ্ছেদ থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে লেখ।
গ. 'রাজপুত্র' শব্দে কোন ফলাচিহ্ন ব্যবহৃত হয়েছে?

ঘ. ডালিমকুমার পঙ্খিরাজ ঘোড়ায় চড়ে কোথায় ঘুরে বেড়াতেন?

ঙ. গাছে থাকত কারা?

**উত্তর :**

ক. ডালিমকুমারের পঙ্খিরাজ ঘোড়া আছে।

খ. পঙ্খিরাজ, ক্লান্ত, ব্যাঙ্গামা, ব্যাঙ্গামি।

গ. রাজপুত্র শব্দে (র-ॖ) ফলাচিহ্ন ব্যবহৃত হয়েছে।

ঘ. ডালিমকুমার পঙ্খিরাজ ঘোড়ায় চড়ে দেশ-বিদেশে ঘুরে বেড়াতেন।

ঙ. গাছে থাকত ব্যাঙ্গামা আর ব্যাঙ্গামি।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

রাজপুত্র, ব্যাঙ্গামা, বন্দি, পালঙ্ক, সর্বনাশ, কৌটা।

**উত্তর : রাজপুত্র–** রাজার ছেলে।

**ব্যাঙ্গামা–** রূপকথায় বর্ণিত পাখি বিশেষ।

**বন্দি–** যাকে আটক করা হয়েছে।

**পালঙ্ক–** খাট।

**সর্বনাশ–** মহাবিপদ।

**কৌটা–** ঢাকনাযুক্ত ছোটো পাত্র।

**বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি**

**প্রশ্ন ৩. কাকে বাঁচাতে হবে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩১

**উত্তর :** কঙ্কাবতীকে বাঁচাতে হবে।

**প্রশ্ন ৪. ডালিমকুমার কোথায় পৌছাল?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩১

**উত্তর :** ডালিমকুমার রাক্ষসপুরীতে পৌছাল।

**প্রশ্ন ৫. কঙ্কাবতীর ঘুম ভাঙে না কেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩১

**উত্তর :** কঙ্কাবতীর মাথার কাছে রুপার কাঠি আর পায়ের কাছে সোনার কাঠি থাকায় তার ঘুম ভাঙে না।

**প্রশ্ন ৬. রাজার ছেলেকে কী বলে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩০

**উত্তর :** রাজার ছেলেকে রাজপুত্র বলে।

**প্রশ্ন ৭. রাজপুত্র কীসে চড়ে ঘুরে বেড়ায়?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩০

**উত্তর :** রাজপুত্র পঙ্খিরাজ ঘোড়ায় চড়ে ঘুরে বেড়ায়।

**প্রশ্ন ৮. রাজকুমার ঘুমিয়ে পড়ল কেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩১

**উত্তর :** রাজকুমার ক্লান্ত ছিল তাই ঘুমিয়ে পড়ল।

**প্রশ্ন ৯. ডালিমকুমারের ঘুম ভেঙে গেল কেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩১

**উত্তর :** ব্যাঙ্গামা আর ব্যাঙ্গামি কথা বলছিল তাই ডালিমকুমারের ঘুম ভেঙে গেল।

**প্রশ্ন ১০. রাজপুত্রের নাম কী?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩০

**উত্তর :** রাজপুত্রের নাম ডালিমকুমার।

**প্রশ্ন ১১. রাজপুত্র কোথায় ঘুমিয়ে পড়ল?**

**উত্তর :** রাজপুত্র গাছের ছায়ায় ঘুমিয়ে পড়ল।

**প্রশ্ন ১২. কে রাক্ষসপুরীতে বন্দি?**

**উত্তর :** রাজকন্যা রাক্ষসপুরীতে বন্দি।

**প্রশ্ন ১৩. রাক্ষসপুরী কোথায়?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩১

**উত্তর :** রাক্ষসপুরী সাত সাগর তেরো নদীর ওপারে।

**প্রশ্ন ১৪. রাজকন্যা কঙ্কাবতী কোথায় ঘুমিয়ে আছে?**

**উত্তর :** রাজকন্যা কঙ্কাবতী সোনার পালঙ্কে ঘুমিয়ে আছে।

**প্রশ্ন ১৫. কঙ্কাবতীর পায়ের কাছে কীসের কাঠি?**

**উত্তর :** কঙ্কাবতীর পায়ের কাছে সোনার কাঠি।

**প্রশ্ন ১৬. রাক্ষসের প্রাণ কীসের মধ্যে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩২

**উত্তর :** রাক্ষসের প্রাণ টিনের কৌটার ভেতরে আছে।

**প্রশ্ন ১৭. কে ভ্রমরকে কেটে ফেলল?**

**উত্তর :** কঙ্কাবতী ভ্রমরকে কেটে ফেলল।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**প্রশ্ন ১৮. নিজের পছন্দমতো একটি ছবি আঁকো। এবার শ্রেণিকক্ষের সবাইকে সেই ছবি নিয়ে গল্প বানিয়ে শোনাও।**

**উত্তর :**



বকুলপুর গ্রামটি অনেক সুন্দর। গ্রামের মাঠে অনেক ছেলে-মেয়ে মিলেমিশে খেলা করে। মাঠের ধারে আমগাছ। গাছে অনেক আম। কাঁচা আম লবণ, মরিচ দিয়ে মেখে খেতে অনেক মজা। মিলি, তপন, সুরমা, সাদিক ও রাজু আম পাড়তে এসেছে। রাজু আর তপন আম গাছে ঢিল মারছে। কাঁচা আম পেড়ে ওরা লবণ, মরিচ মেখে খাবে।

ক.



**প্রশ্ন ১৯. উপরের ছবিতে আমরা কী দেখতে পাচ্ছি?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩০

**উত্তর :** উপরের ছবিতে একটি পঙ্খিরাজ ঘোড়া ও এক রাজপুত্রকে দেখতে পাচ্ছি।

খ.




**প্রশ্ন ২০. উপরের ছবিতে আমরা কী দেখতে পাচ্ছি?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩২

**উত্তর :** উপরের ছবিতে একটি রাক্ষস, কঙ্কাবতীর হাতে একটি ভ্রমর ও একটি তরবারি দেখতে পাচ্ছি।

**প্রশ্ন ২১. কঙ্কাবতী তরবারি দিয়ে কী করছে?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩২

**উত্তর :** কঙ্কাবতী তরবারি দিয়ে রাক্ষসের প্রাণ ভ্রমরটাকে কেটে ফেলছে।

গ.




**প্রশ্ন ২২. উপরের ছবিতে আমরা কী দেখতে পাচ্ছি?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩২

**উত্তর :** উপরের ছবিতে রাক্ষসপুরীতে কঙ্কাবতী এবং গাছের ডালে দুটি পাখি দেখতে পাচ্ছি।

**প্রশ্ন ২৩. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| | |
|---|---|
| ক. রাজপুত্রের নাম ———। | মদনকুমার/ডালিমকুমার/কমলকুমার |
| খ. রাজপুত্র ঘুরতে ঘুরতে চলে এলো ———। | রাক্ষসপুরে/কুসুমপুরে/অচিনপুরে |
| গ. রাজকন্যার নাম ———। | কলাবতী/কমলারানি/কঙ্কাবতী |
| ঘ. রাক্ষসপুরী সাত সাগর ——— নদীর ওপারে। | সাত/সতেরো/তেরো |
| ঙ. ——— প্রাণ আছে টিনের কৌটার ভেতরে। | রাক্ষসের/ডালিমকুমারের/কঙ্কাবতীর |

**উত্তর :**

| |
|---|
| ক. রাজপুত্রের নাম **ডালিমকুমার**। |
| খ. রাজপুত্র ঘুরতে ঘুরতে চলে এলো **অচিনপুরে**। |
| গ. রাজকন্যার নাম **কঙ্কাবতী**। |
| ঘ. রাক্ষসপুরী সাত সাগর **তেরো** নদীর ওপারে। |
| ঙ. **রাক্ষসের** প্রাণ আছে টিনের কৌটার ভেতরে। |

**প্রশ্ন ২৪. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

ক. রাক্ষস ——— বলতে বলতে ঘরে ঢুকল।

খ. রাক্ষসের প্রাণ ——— ভেতরে আছে।

গ. ——— টিনের কৌটা খুঁজে বের করল।

**উত্তর :**

ক. রাক্ষস **হাঁউ মাঁউ খাঁউ** বলতে বলতে ঘরে ঢুকল।

খ. রাক্ষসের প্রাণ **টিনের কৌটার** ভেতরে আছে।

গ. **কঙ্কাবতী** টিনের কৌটা খুঁজে বের করল।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | ছবির বিষয়বস্তু জানে। | | | |
| | স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে জানে। | | | |
| | নিজের পরিবেশের গল্প বলতে জানে। | | | |
| দক্ষতা | ছবি/চিত্র/ভিডিও দেখে সঠিক বাচনভঙ্গিতে গল্প বলতে পেরেছে। | | | |
| | ছবি/চিত্র/ভিডিও সংশ্লিষ্ট সহজ প্রশ্নের উত্তর বলতে পেরেছে। | | | |
| | অনুকরণ করে গল্প বলতে পেরেছে। | | | |
| | সঠিক উচ্চারণে গল্প বলতে পেরেছে। | | | |
| | নিজের আঁকা ছবি নিয়ে গল্প বলতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | অভিব্যক্তিসহ গল্প বলতে পেরেছে। | | | |
| | আনন্দের সাথে গল্প বলতে পেরেছে। | | | |
| | আনন্দের সাথে অভিনয়ে অংশগ্রহণ করেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম :...................................................... শ্রেণি :............................................ রোল নম্বর : ☐

**১। ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**




ক. উপরের ছবিতে আমরা কী দেখতে পাচ্ছি?
খ. কঙ্কাবতী তরবারি দিয়ে কী করছে?

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

ক. কাকে বাঁচাতে হবে?
খ. ডালিমকুমার কোথায় পৌছাল?
গ. কঙ্কাবতীর ঘুম ভাঙে না কেন?

### উত্তরমালা

১ ▸ ক. উপরের ছবিতে একটি রাক্ষস, কঙ্কাবতীর হাতে একটি ভ্রমর ও একটি তরবারি দেখতে পাচ্ছি।
খ. কঙ্কাবতী তরবারি দিয়ে রাক্ষসের প্রাণ ভ্রমরটাকে কেটে ফেলছে।

২ ▸ ক. কঙ্কাবতীকে বাঁচাতে হবে।
খ. ডালিমকুমার রাক্ষসপুরীতে পৌছাল।
গ. কঙ্কাবতীর মাথার কাছে রুপার কাঠি আর পায়ের কাছে সোনার কাঠি থাকায় তার ঘুম ভাঙে না।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐